



বিএনপির ১৬ বছরের আন্দোলনের ভিত্তি চর্কিশের জুলাই : রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, গত ১৬ বছরের আন্দোলনের যে ভিত্তি তৈরি হয়েছে, তা চূড়ান্ত রূপ পেয়েছে ২০২৪ সালের জুলাই আন্দোলনের মাধ্যমে। তিনি দাবি করেন, বিএনপি নেতাকর্মীরা শহীদদের রক্তকে মূল্যায়ন করছে, আর শাসকগোষ্ঠী গণতন্ত্র ধ্বংসে অপপ্রচার চালাচ্ছে।

বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী মনে করেন, দলের গত ১৬ বছরের আন্দোলন-সংগ্রামের যে ভিত্তি, তার প্রতিচ্ছবি হলো ২০২৪ সালের জুলাইয়ের গণআন্দোলন। মঙ্গলবার (১৫ জুলাই) সকালে কুড়িগ্রাম কেন্দ্রীয় ঈদগাহ মাঠে ‘জুলাই আন্দোলনে’ নিহতদের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

তিনি বলেন, “বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে যে গণতান্ত্রিক লড়াই দীর্ঘদিন ধরে চলে এসেছে, সেই পটভূমিতে চর্কিশের জুলাইয়ে আন্দোলন সফলতা লাভ করেছে। এই বিজয় রচিত হয়েছে শহীদদের রক্ত ও জনগণের আত্মত্যাগে।”

অনুষ্ঠানে রিজভী জানান, কুড়িগ্রামে ‘জুলাই আন্দোলনে’ নিহত ১০ পরিবারকে দলের পক্ষ থেকে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। তিনি আরও বলেন, “এই সহায়তা শুধু অর্থ নয়, এটি শহীদ পরিবারের প্রতি দলের ভালোবাসা, দায়িত্ববোধ ও প্রতিশ্রুতির প্রতীক।”

রিজভী অভিযোগ করেন, আওয়ামী লীগ এবং তার সহযোগীরা নির্বাচন পিছিয়ে দেওয়ার ষড়যন্ত্রে লিপ্ত। “যখন একটি মহল বিএনপির বিরুদ্ধে অপপ্রচার আর বিভ্রান্তি ছড়াতে ব্যস্ত, তখন তারেক রহমানের নির্দেশে বিএনপি নেতাকর্মীরা মাঠে থেকে শহীদদের পরিবারের পাশে দাঁড়াচ্ছে,” বলেন তিনি।

এ সময় তিনি আরও বলেন, “কিছু ইসলামী দল জিয়াউর রহমানের অনুগ্রহে রাজনীতির সুযোগ পেয়েছিল। ইসলামের পক্ষে যদি কারো অনুভূতি থাকে, তা বিএনপির মধ্যই আছে।”

রিজভী প্রযুক্তিনির্ভর অপপ্রচারের ব্যাপারে সতর্ক করে বলেন, “ইউটিউব ও অন্যান্য মাধ্যমে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) ব্যবহার করে বিভ্রান্তিকর কনটেন্ট ছড়ানো হচ্ছে। আমরা এসব দেখছি এবং নেতাকর্মীদের বলে দিয়েছি— কোনো উসকানিতে পা দেওয়া যাবে না।”

জুলাইয়ের আন্দোলনকে বিএনপি তাদের দীর্ঘ রাজনৈতিক সংগ্রামের গুরুত্বপূর্ণ অধ্যায় হিসেবে চিহ্নিত করছে। একইসঙ্গে সরকারবিরোধী অপপ্রচারের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানানো হয়েছে দলটির পক্ষ থেকে।